PG Odd Semester (CBCS) Exam., December—2018

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–303

(বিশ শতকের বাংলা কথাসাহিত্য—২)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। 'জাগরী' উপন্যাসের একজন হিন্দি অনুবাদকের নাম লেখো। তাঁর অনূদিত গ্রন্থটির নাম কী? ''অন্তেবাসী নারী রাজনীতির আবর্তেও পিতৃতন্ত্র দ্বারা প্রান্তিকায়িত হয়ে থাকে। তার হৃৎস্পন্দনের সঙ্গে মিশে যায় দহনদীর্ণ সময়ের হুংকার ও আলোড়ন।'' 'মা' চরিত্র অবলম্বন করে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

২। ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের উপন্যাস ট্রিলজির নাম ও প্রকাশকাল লেখো। ''উপন্যাসের উদ্দেশ্য realism নয়, নিষ্ঠুরভাবে concrete হওয়া।'' 'অন্তঃশীলা' উপন্যাসের নিরিখে ধূর্জটিপ্রসাদের এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ৩+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'পথের পাঁচালী' উপন্যাসের তিনটি পর্যায়ের নামোল্লেখ করো। শৈশব-কৈশোরের অনাবিল মাধুর্য, প্রকৃতির মুখর উপস্থিতি আর মানবজীবনের আনন্দ-বিষাদময় রূপ-রূপান্তর কীভাবে 'পথের পাঁচালী' উপন্যাসকে দুর্মর মহত্ত্বে প্রতিষ্ঠা দিয়েছে, সে সম্পর্কে আলোচনা করো। ৩+১১=১৪

৪। 'ধাত্রীদেবতা' হিন্দিতে কী নামে অনূদিত হয়? গোঁসাইবাবার প্রকৃত নাম কী? লাঘাটা বন্দর কোন্ নদীর তীরে অবস্থিত? শিবনাথের জীবনে বিপ্লবীদের প্রভাব ও তার পরিণতি সম্পর্কে আলোচনা করো। ১+১+১+১১=১৪

গ—গুচ্ছ

৫। কাব্যধর্মী উপন্যাস ও বিজ্ঞানধর্মী উপন্যাসের সংজ্ঞা লেখো। 'ডানা' উপন্যাস অবলম্বনে বিজ্ঞানী অমরেশ ও কবি আনন্দমোহনের চরিত্র বিশ্লেষণ করো। (২+২)+(৫+৫)=১৪

৬। 'ডানা' উপন্যাসে উল্লিখিত 'Coppersmith barbet' পাখির বাংলা নাম কী? Turubool লিখিত পক্ষী-বিষয়ক গ্রন্থের নাম কী? উপলব্ধির সীমানাকে বিস্তৃত করতে করতে নতুন পরিসর সন্ধানে মাত্রা লঙ্ঘিত হয় ডানা চরিত্রের মধ্যে। বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ গল্প' কত সালে প্রথম প্রকাশিত হয়? 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পে দিবাকরের স্ত্রীর নাম কী? মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প মুখ্যত তাঁর বিবর্তনশীল জীবনচেতনার অভিব্যক্তি রূপেই বিশিষ্ট মর্যাদার অধিকারী। পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৮। মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃদত্ত নাম কী ছিল? 'সরীসৃপ' গল্পে কত বৎসর বয়সে 'চারু'র বিয়ে হয়েছিল? ''দুঃশাসনীয়' গল্পটি মহাযুদ্ধ ও মন্বন্তরে বিবস্ত্র বাংলার নিঃস্বপল্লীর নগ্ন ছবি।'' বিশ্বযুদ্ধোত্তর পরিবেশে মন্বন্তরক্লিষ্ট বাংলার যে করুণ ছবি মানিক এঁকেছেন তা আলোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। সাধন চট্টোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ গল্প' গ্রন্থে মোট ক'টি গল্প আছে? 'মহাগল্পের সমুদ্র' গল্প কাকে উৎসর্গ করা হয়েছে? ''অর্থনৈতিক সংকটে বিচ্ছিন্ন একক থেকে সম্মিলিত প্রতিবাদী চেতনায় উত্তরণ আধুনিক ছোটগল্পের এক বিশেষ লক্ষণ।'' সাধন চট্টোপাধ্যায়ের গল্পে এই লাক্ষণিক তাৎপর্যের শিল্প-সফলতা বিচার করো। ১+১+১২=১৪

১০। 'স্বপ্নপুরাণ' গল্প-গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? উক্ত গল্প-গ্রন্থের কোন্ গল্পে বদরপুর রেল জংশনের কথা উল্লিখিত আছে? ''মিথিলেশ ভট্টাচার্য নিম্নবিত্ত মানুষের চরিত্র অঙ্কনে পারদর্শিতা দেখিয়েছেন।'' পঠিত গল্প আলোচনায় বিষয়টি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

★★★